গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা

**অফিস আদেশ**

নথি নং-০৮.০১.০০০০.০৭৩.০৩.০০৫.১৯/০৬ তারিখ: ২৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ

বিষয়: **Electronic Fiscal Device (EFD) ও Sales Data Controller (SDC) মেশিন স্থাপন, বিল প্রস্তুত, মূল্য পরিশোধ ও এতদসংক্রান্ত কার্যক্রম সম্পাদনের নিমিত্ত পদ্ধতি নির্ধারণ।**

Electronic Fiscal Device (EFD) ও Sales Data Controller (SDC) এর মূল্য মেশিন ব্যবহারকারীর নিকট হতে আদায়ের লক্ষ্যে মেশিন স্থাপন, বিল প্রস্তুতকরণ, মূল্য পরিশোধ ও এতদসংক্রান্ত কার্যক্রম সম্পাদনের জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো:

১. জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সরবরাহকৃত EFD মেশিনের মূল্য ২০,৫৩৩.৩৫ টাকা (বিশ হাজার পাঁচশত তেত্রিশ দশমিক তিন পাঁচ টাকা) এবং ও SDC মেশিনের মূল্য ২৪,৫৯৬ টাকা (চব্বিশ হাজার পাঁচ শত ছিয়ানব্বই টাকা) । মেশিন ব্যবহারকারী করদাতা নিম্নবর্ণিত হারে মেশিনের মূল্য পরিশোধ করবেন:

**EFD এর ক্ষেত্রে**

এককালীন মূল্য পরিশোধ: ২০,৫৩৩.৩৫ টাকা
অথবা
মাসিক তিনটি কিস্তিতে মূল্য পরিশোধ: ১ম কিস্তি- ১০,৫৩৩.৩৫ টাকা
২য় কিস্তি- ৫,০০০.০০ টাকা
৩য় কিস্তি- ৫,০০০.০০ টাকা

**SDC এর ক্ষেত্রে**

এককালীন মূল্য পরিশোধ: ২৪,৫৯৬.০০ টাকা
অথবা
মাসিক তিনটি কিস্তিতে মূল্য পরিশোধ: ১ম কিস্তি- ১২,৫৯৬.০০ টাকা
২য় কিস্তি- ৬,০০০.০০ টাকা
৩য় কিস্তি- ৬,০০০.০০ টাকা

২. জাতীয় রাজস্ব বোর্ড হতে EFD/SDC স্থাপনের জন্য কমিশনারেটভিত্তিক সংখ্যা নির্ধারণ করে দেয়ার পর জাতীয় রাজস্ব বোর্ডের হিসাব শাখায় রক্ষিত **"ছক-ক"** এ বর্ণিত রেজিস্টারে এন্ট্রি দিতে হবে। উক্ত রেজিস্টারে কমিশনারেটের নাম, জাতীয় রাজস্ব বোর্ড হতে কমিশনারেট ভিত্তিক বরাদ্দকৃত মেশিনের সংখ্যা, স্থাপিত মেশিনের সংখ্যা, মূল্য পরিশোধিত মেশিনের সংখ্যা, মূল্য অপরিশোধিত মেশিনের সংখ্যা সংক্রান্ত তথ্য লিপিবদ্ধ করতে হবে। জাতীয় রাজস্ব বোর্ড হতে বরাদ্দকৃত EFD/SDC সংখ্যা কমিশনারেটসমূহ **"ছক-খ ও ছক-গ"** এ বর্ণিত রেজিস্টারে এন্ট্রি করবেন। উক্ত রেজিস্টারে জাতীয় রাজস্ব বোর্ড হতে বরাদ্দকৃত মেশিনের সংখ্যা, স্থাপিত মেশিনের সংখ্যা, EFD/SDC স্থাপিত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, স্থাপিত মেশিনের নম্বর, স্থাপিত মেশিন Activation এর তারিখ, মূল্য পরিশোধিত মেশিনের সংখ্যা, মূল্য পরিশোধের তারিখ, মূল্য অপরিশোধিত মেশিনের সংখ্যা সংক্রান্ত তথ্য লিপিবদ্ধ করতে হবে।

২. কোনো নির্দিষ্ট স্থান বা প্রতিষ্ঠানে EFD/SDC মেশিন স্থাপনের পর "পরিশিষ্ট-১" এ ভেন্ডর প্রতিষ্ঠান ৩ (তিন) প্রস্থে মেশিনের বিল প্রস্তুত করবেন;

৩. প্রস্তুতকৃত বিলে ভেন্ডর প্রতিষ্ঠান SZZT-KMMT-SYNESIS-EATL JV এর প্রতিনিধি এবং সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় (সার্কেল) এর এলাকা কর্মকর্তা যৌথভাবে স্বাক্ষর করবেন;

৪. ভেন্ডর বিলের প্রথম কপি মেশিন ব্যবহারকারী প্রতিষ্ঠানকে এবং দ্বিতীয় কপি সংশ্লিষ্ট সার্কেলের রাজস্ব কর্মকর্তাকে সরবরাহ করবেন এবং তৃতীয় কপি ভেন্ডর প্রতিষ্ঠান সংরক্ষণ করবেন;

৫. কোনো প্রতিষ্ঠানে ভেন্ডর কর্তৃক EFD/SDC মেশিন স্থাপনের পর মেশিন ব্যবহারকারী করদাতা এককালীন মূল্য পরিশোধের ক্ষেত্রে বিল প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অথবা কিস্তিতে মূল্য পরিশোধের ক্ষেত্রে বিল প্রাপ্তির তারিখ হতে পরবর্তী মাসিক তিনটি কিস্তিতে অনুচ্ছেদ ১ এ বর্ণিত হারে প্রতি মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে মেশিনের মূল্য পরিশোধ করবেন। মেশিনের মূল্য **'অর্থনৈতিক হিসাব কোড নং-২৬৮১' (Miscellaneous Revenue and Income)** এ অনলাইনে (ই-পেমেন্ট) অথবা 'এ' চালানের মাধ্যমে সরকারি কোষাগারে পরিশোধ করবেন; যা সংশ্লিষ্ট এলাকা কর্মকর্তা নিশ্চত করবেন;

৬. মেশিন ব্যবহারকারী ই-পেমেন্ট এর স্বপক্ষে প্রাপ্তি স্বীকারপত্র (Acknowledgement slip) বা 'এ' চালান এর একটি কপি সার্কেলের দায়িত্বপ্রাপ্ত রাজস্ব কর্মকর্তা কে এবং একটি কপি ভেন্ডরকে সরবরাহ করবেন;

৭. সার্কেলের রাজস্ব কর্মকর্তা প্রাপ্তি স্বীকারপত্র বা 'এ' চালানের যথার্থতা যাচাই করবেন এবং প্রতি মাসে কতটি EFD/SDC মেশিন স্থাপন করা হয়েছে সে বিষয়ে তথ্য পরবর্তী মাসে "পরিশিষ্ট-২" এ বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করবেন;

৮. সংশ্লিষ্ট কমিশনার তার কমিশনারেটের আওতাধীন সকল ভ্যাট বিভাগের তথ্য সংগ্রহ করে "পরিশিষ্ট-৩" এর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মূসক:বাস্তবায়ন ও আইটি) কে অবহিত করবেন; উল্লেখ্য যে, যে সকল EFD/SDC মেশিনের মূল্য এককালীন পরিশোধিত হবে সে সকল মেশিনের তথ্য পরবর্তী মাসে এবং যে সকল EFD/SDC মেশিনের মূল্য কিস্তিতে পরিশোধিত হবে সে সকল মেশিনের ক্ষেত্রে ৩য় কিস্তি পরিশোধের পরবর্তী মাসে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মূসক:বাস্তবায়ন ও আইটি) কে অবহিত করবেন;

৯. ভেন্ডর প্রতিষ্ঠানও প্রতিমাসে কতটি EFD/SDC মেশিন স্থাপন করা হয়েছে এবং কতটি মেশিনের মূল্য পরিশোধিত হয়েছে তার তথ্য EFDMS এ হালনাগাদকরণসহ জাতীয় রাজস্ব বোর্ডের দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন), ও দ্বিতীয় সচিব (মূসক তথ্য প্রযুক্তি ও প্রকল্প পরিকল্পনা) কে অবহিত করবেন;

১০. মেশিন ব্যবহারকারীর নিকট হতে সরবরাহকৃত ও স্থাপনকৃত EFD/SDC মেশিনের মূল্য আদায়ে ভেন্ডর ও এলাকা কর্মকর্তা একক বা যৌথভাবে কার্যক্রম গ্রহণ করবেন ।

১১. মেশিন ব্যবহারকারী EFD/SDC মেশিনের মূল্য পরিশোধ না করলে সংশ্লিষ্ট সার্কেল/বিভাগীয় কার্যালয়/কমিশনারেট এর মূসক কর্মকর্তাগণ তা এমনভাবে আদায় করবেন যেন আইন ও বিধিমালার অধীন কোনো বকেয়া কর।

১২. ভেন্ডর প্রতিষ্ঠান জাতীয় রাজস্ব বোর্ডের সাথে চুক্তি মোতাবেক EFD/SDC মেশিন স্থাপন ও অন্যান্য কার্যাবলী যথাযথভাবে পালন করবেন ।

১৩. মূল্য পরিশোধের পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান EFD/SDC মেশিনের মালিকানা অর্জন করবেন। তবে, EFD/SDC মেশিনে কোন যান্ত্রিক ত্রুটি দেখা দিলে বা replacement করার প্রয়োজন হলে তাৎক্ষনিকভাবে প্রতিষ্ঠান তা সংশ্লিষ্ট এলাকা কর্মকর্তাকে অবহিত করবেন। এলাকা কর্মকর্তা ভেন্ডরের সাথে যোগাযোগের মাধ্যমে দ্রুততার সাথে মেশিন মেরামত বা replacement এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪. EFD/SDC ব্যবহারের বাধ্যবাধকতা থাকা স্বত্তেও EFD/SDC যথাযথভাবে ব্যবহার না করলে সাধারণ আদেশ ০৯/মূসক/২০১৯ তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রিঃ অনুয়ায়ী প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হবে।

২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।”

২৯।০৯।২০২১

আবু হেনা মো: রহমাতুল মুনিম
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড

**বিতরণ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১. সদস্য (গ্রেড-১) (কাস্টমস রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন)/ (কাস্টমস নীতি)/ (মূসক-বাস্তবায়ন ও আইটি)/ (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা)/ (বোর্ড প্রশাসন)/ (কাস্টমস নিরীক্ষা, আধুঃ ও আন্তঃ বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।
৪. কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর /দক্ষিণ /পূর্ব /পশ্চিম)/রাজশাহী /সিলেট /যশোর /রংপুর /কুমিল্লা /খুলনা /চট্টগ্রাম /বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
৫. কমিশনার অব কাস্টমস,কাস্টম হাউজ, ঢাকা/চট্টগ্রাম/মংলা/বেনাপোল/পানগাঁও/আই.সি.ডি,কমলাপুর ।
৬. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল), চট্টগ্রাম/ঢাকা-১/ ঢাকা-২/ খুলনা/শুল্ক মূল্যায়ণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট/ কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা/চট্টগ্রাম ।
৭. মহা-পরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত পরিদপ্তর, ঢাকা/শুল্ক, রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর (ডেডো), ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূসক, ঢাকা/ সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৮. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৯. প্রথম সচিব, মূসক (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১০. পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]
১১. দ্বিতীয় সচিব (মূসক-সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২. দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩. জনাব মুবিন খান, অথরাইজড প্রতিনিধি, SZZT-KMMT-Synesis-EATL JV ADA Trading angladesh CO., Ltd 12/1, Kunipara, Tejgaon 1/A, Dhaka-1208, Bangladesh.

**“ছক-ক”**

**<u>জাতীয় রাজস্ব বোর্ডে রক্ষিত EFD/ SDC সংক্রান্ত রেজিস্টার</u>**

| ক্রমিক নং | মাসের নাম | কমিশনারেটের নাম | বরাদ্দকৃত মেশিনের সংখ্যা | | স্থাপিত মেশিনের সংখ্যা | | মূল্য পরিশোধিত মেশিনের সংখ্যা | | মূল্য অপরিশোধিত মেশিনের সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | EFD | SDC | EFD | SDC | EFD | SDC | EFD | SDC | |
| | | | | | | | | | | | |

**“ছক-খ”**

**<u>কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, .......এ স্থাপিত EFD সংক্রান্ত রেজিস্টার</u>**

- মাসের নাম :
- জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বরাদ্দকৃত EFD সংখ্যা:
- কমিশনারেটে স্থাপিত EFD মেশিনের সংখ্যা:

| ক্রমিক নং | EFD স্থাপিত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | স্থাপিত মেশিনের নং | স্থাপিত মেশিন Activation এর তারিখ | এককালীন মূল্য পরিশোধের তরিখ | কিস্তিতে মূল্য পরিশোধের হিসাব (টাকা) ও তারিখ | | | মূল্য অপরিশোধিত EFD মেশিনের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ১ম কিস্তি | ২য় কিস্তি | ৩য় কিস্তি | | |

**“ছক-গ”**

**<u>কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,.......এ স্থাপিত SDC সংক্রান্ত রেজিস্টার</u>**

- মাসের নাম:
- জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বরাদ্দকৃত SDC সংখ্যা
- কমিশনারেটে স্থাপিত SDC মেশিনের সংখ্যা

| ক্রমিক নং | SDC স্থাপিত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | স্থাপিত মেশিনের নং | স্থাপিত মেশিন Activation এর তারিখ | এককালীন মূল্য পরিশোধের তরিখ | কিস্তিতে মূল্য পরিশোধের হিসাব (টাকা) ও তারিখ | | | মূল্য অপরিশোধিত SDC মেশিনের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ১ম কিস্তি | ২য় কিস্তি | ৩য় কিস্তি | | |

"পরিশিষ্ট-১"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুন বাগিচা, ঢাকা
www.nbr.gov.bd

বিষয়: স্থাপিত EFD/SDC এর মূল্য পরিশোধের জন্য বিল।

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মেসার্স...............নামীয় প্রতিষ্ঠান ঠিকানা: ...............যার বিন নং........... এ ...../...../..... খ্রিঃ তারিখে Electronic Fiscal Device (EFD)/ Sales Data Controller (SDC) স্থাপন করা হয়েছে। উক্ত EFD/SDC এর নং-......... এবং মূল্য .......টাকা। বিল প্রাপ্তির পর এককালীন পরিশোধের ক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অথবা কিস্তিতে মূল্য পরিশোধের ক্ষেত্রে বিল প্রাপ্তির তারিখ হতে পরবর্তী মাসিক তিনটি কিস্তিতে নির্ধারিত হারে প্রতি মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে অনলাইনে অথবা 'এ' চালানের মাধ্যমে 'অর্থনৈতিক হিসাব কোড নং-২৬৮১' (Miscellaneous Revenue and Income) এ সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা হলো। আপনার প্রতিষ্ঠানে স্থাপিত EFD/SDC এর তথ্য নিম্নে উপস্থাপন করা হলো:

ছক (এককালীন পরিশোধের জন্য)

| ক্রমিক নং | EFD/SDC স্থাপনের তারিখ ও সংখ্যা | EFD/SDC ডিভাইস নং | EFD/SDC ডিভাইস এর মূল্য | মোট মূল্য |
|---|---|---|---|---|
| | | | | |

ছক (কিস্তিতে পরিশোধের জন্য)

| ক্রমিক নং | EFD/SDC স্থাপনের তারিখ ও সংখ্যা | EFD/SDC ডিভাইস নং | EFD/SDC ডিভাইস এর মূল্য | মোট মূল্য | কিস্তিতে মূল্য পরিশোধের হিসাব (টাকা) ও তারিখ | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ১ম কিস্তি | ২য় কিস্তি | ৩য় কিস্তি |
| | | | | | | | |

ভেন্ডরের প্রতিনিধির স্বাক্ষর

এলাকা কর্মকর্তার স্বাক্ষর ও সীল

প্রাপকঃ
মেসার্স--------------------------
ঠিকানা------------------------

পরিশিষ্ট-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
......... সার্কেল
............. বিভাগ

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,.....

বিষয়: ..../ ২০২১ খ্রিঃ মাসে ভেন্ডর কর্তৃক স্থাপিত EFD/SDC এর সংখ্যা ও প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত 'এ' চালানের সত্যতা যাচাই করে অবহিতকরণ ।

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ....../ ২০২১ খ্রিঃ মাসে ভেন্ডর প্রতিষ্ঠান কর্তৃক ......টি EFD/SDC স্থাপন করা হয়েছে এবং ......টি EFD/SDC এর মূল্য পরিশোধিত হয়েছে । দাখিলকৃত 'এ' চালানসমূহ যাচাই করে বিস্তারিত তথ্য নিচের ছকে উপস্থাপন করা হলো:

<u>ছক</u>

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | EFD/SDC স্থাপনের সংখ্যা ও তারিখ | EFD/SDC ডিভাইস নং | EFD/SDC ডিভাইস এর মূল্য (সার্ভিস চার্জ ব্যতীত) | মেশিন ব্যবহারকারী কর্তৃক মূল্য পরিশোধের স্বপক্ষে প্রাপ্তি স্বীকার পত্র/ 'এ' চালান নং ও তারিখ | 'এ' চালান যথাযথ আছে কি না | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

০২। বিষয়টি আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ।

রাজস্ব কর্মকর্তা

...........সার্কেল

প্রাপক: বিভাগীয় কর্মকর্তা
কাস্টমস, একাসাইজ ও ভ্যাট বিভাগ,.....।

পরিশিষ্ট-৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,.....

..................

**বিষয়: ..../ ২০২১ খ্রিঃ মাসে ভেন্ডর কর্তৃক স্থাপিত EFD/SDC এর সংখ্যা ও প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত 'এ' চালানের সত্যতা যাচাই করে অবহিতকরণ ।**

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ....../ ২০২১ খ্রিঃ মাসে ভেন্ডর প্রতিষ্ঠান কর্তৃক ......টি EFD/SDC স্থাপন করা হয়েছে এবং ......টি EFD/SDC এর মূল্য পরিশোধিত হয়েছে । দাখিলকৃত 'এ' চালানসমূহ যাচাই করে বিস্তারিত তথ্য নিচের ছকে উপস্থাপন করা হলো:

**ছক**

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | EFD/SDC স্থাপনের সংখ্যা ও তারিখ | EFD/SDC ডিভাইস নং | EFD/SDC ডিভাইস এর মূল্য (সার্ভিস চার্জ ব্যতীত) | মেশিন ব্যবহারকারী কর্তৃক মূল্য পরিশোধের স্বপক্ষে প্রাপ্তি স্বীকার পত্র/ 'এ' চালান নং ও তারিখ | 'এ' চালান যথাযথ আছে কি না | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

০২। বিষয়টি আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ।

কমিশনার

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,.....

প্রাপক: সদস্য (মূসক:বাস্তবায়ন ও আইটি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা